ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৭৪৪

আগরতলা, ১৬ মে, ২০২৫

**দুটি স্কুল কো-এডুকেশন স্কুলে রূপান্তরিত**

পশ্চিম ও দক্ষিণ জেলার ডিস্ট্রিক্ট এডুকেশন অফিসারদের প্রস্তাব অনুযায়ী বুনিয়াদি শিক্ষা অধিকার পশ্চিম ত্রিপুরার নতুন নগর গার্লস এইচ এস স্কুল এবং দক্ষিণ ত্রিপুরার ইস্ট কৃষ্ণনগর হাই স্কুলকে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে কো-এডুকেশন স্কুলে রূপান্তরিত করেছে। এই দুটি স্কুলে ছাত্রী সংখ্যা ক্রমাগত কমে যাওয়ায় এই সিদ্ধান্ত গ্রহণের অন্যতম কারণ। এছাড়া এই শিক্ষাবর্ষে পশ্চিম ত্রিপুরা জেলার রামনগর এইচ এস স্কুলটিকেও বয়েজ স্কুল থেকে কো-এডুকেশন স্কুলে রূপান্তরিত করা হয়েছে। ছাত্র ও ছাত্রীদের মধ্যে একে অপরের প্রতি শ্রদ্ধা ও সমতা বোধের বিকাশ ঘটাতে এবং পারস্পরিক বিভ্রান্তি বা অস্বাস্থ্যকর ধ্যান ধারণা দূরীকরণে কো-এডুকেশন স্কুলের ভূমিকা অনস্বীকার্য। বুনিয়াদি শিক্ষা দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

******